



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

এসএমইএন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২

২৪ মে ২০২৬

তারিখ: -----

১০ জ্যৈষ্ঠ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে (CMSME) অর্থায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ১৭ মার্চ, ২০২৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। অর্থনৈতিক প্রবৃদ্ধিতে CMSME খাতের অবদান বৃদ্ধি এবং প্রান্তিক পর্যায়ে অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে CMSME খাতে পরিচালিত পুনঃ অর্থায়ন তহবিল হতে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হিসেবে অন্তর্ভুক্তির লক্ষ্যে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বর্ণিত সার্কুলার এর ১৪.৪.২ নং অনুচ্ছেদের নিম্নোক্ত শর্ত হতে অব্যাহতি প্রদান করা হলো:-

ক) শ্রেণিবিন্যাসিত ঋণ/বিনিয়োগের হার সর্বোচ্চ ২০%;

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে মূলধন পর্যাণ্ডতা, নগদ সংরক্ষণের হার (CRR) এবং বিধিবদ্ধ তরল সম্পদ সংরক্ষণের হার (SLR) যথানিয়মে সংরক্ষণ।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(নওশাদ মোস্তাফা)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোনঃ ৯৫৩০৫০২